মুজিবনগরে প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা

মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানের মুজিবনগর উপজেলায় ট্রাক প্রতীকের পথসভা অনুষ্ঠিত হয়।

শনিবার বিকেলে মেহেরপুরের মুজিবনগর উপজেলায় মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মুজিবনগর উপজেলা আওয়ামী যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, মেহেরপুর শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট আ খ ম হারুন ইমতিয়াজ বিন জুয়েল, বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য জেমস স্বপন মল্লিক, মেহেরপুর জেলা তাঁতীলিগের সভাপতি সুবাদ আলী, মেহেরপুর পৌর যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুজ্জামান সুইট, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা সহ আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

বামন্দীতে সংসদ নির্বাচন উপলক্ষে মুক্তিযোদ্ধাদের আলোচনা সভা

আমরা সবাই মুক্তিযোদ্ধা, আমরা ঐক্যবদ্ধ আছি, ঐক্যবদ্ধ থাকতে চাই, আমরা সংসদ নির্বাচনকে কেন্দ্র করে আমাদের মধ্যে কোন মন মালিন্য, গ্রুপিং, দলাদলি যেন সৃষ্টিনা হয়। সে বিষয়ে সবাইকে সচেতন এবং সতর্ক থাকতে হবে। আসন্ন সংসদ নির্বাচন উপলক্ষে গাংনী উপজেলার সর্বস্তরের মুক্তিযোদ্ধাদের উদ্যোগে আলোচনা সভায় নেতৃবৃন্দ উপরোক্ত বক্তব্য রাখেন।

গাংনী উপজেলার সকল ইউনিয়নের সর্বস্তরের মুক্তিযোদ্ধাদের অংশ গ্রহন এবং উপস্থিতিতে বামন্দীস্থ অনুপম চাইল্ড স্কুল চত্তরে আয়োজিত মুক্তিযোদ্ধা সমাবেশে প্রধান অতিথি ছিলেন যুদ্ধকালীন থানাকমান্ডার মোঃ মখলেছুর রহমান ফটিক।

বীর মুক্তিযোদ্ধা হাজী মোঃ মোজ্জামেল হকের সভাপতিত্বে এ সভায় বক্তারা বলেন, মুক্তিযুদ্ধের চেতনায় সমৃদ্ধ যোগ্য ব্যাক্তিকে সংসদ সদস্য নির্বাচনের জন্য সচেতনভাবে ভোট প্রদান করতে হবে। তবে এ ভোট প্রদানের জন্য নিজেদের মধ্যে কোন ধরনের বিভেদ তৈরী করা যাবে না। মুক্তিযোদ্ধাদের ঐক্য এবং সম্মান অক্ষুন্ন রাখতে হবে। কোন ভাবেই কোন রেশারেশি সৃষ্টি করা যাবে না। আপনারা সবাই সাবালক এবং সচেতন মানুষ। নিজেদের ভালো সর্ম্পকে আপনারা সজাগ। প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুক্তিযোদ্ধাদের জন্য অনেক কিছু করেছেন এবং করছেন। তার প্রতি আস্থা এবং সম্মান রেখে আপনারা প্রার্থী বাছাই করে নেবেন।

প্রধান অতিথির বক্তব্য বীর মুক্তিযোদ্ধা মখলেছুর রহমান বলেন, আমার জন্ম স্থান এই গাংনী উপজেলায় পৈত্রিক নিবাস কুমারীডাঙ্গা গ্রামে। আমি দীর্ঘদিন যাবৎ ঢাকায় থাকলেও গাংনীর সুখ দুঃখে আমি সাথে আছি। আপনারা বিভক্ত থাকবেন না, ঐক্যবদ্ধ থাকবেন। আপনারা যাকে আপনাদের প্রতিনিধি নির্বাচন করবেন। তিনি গাংনীর উন্নয়নে কাজ

করবেন।

কোরআন তেলোয়াতের মাধ্যমে শুরু হওয়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন, বীর মুক্তিযোদ্ধা মোস্তফা, বীর মুক্তিযোদ্ধা তাহাজউদ্দিন, বীর মুক্তিযোদ্ধা বশির আহম্মেদ, বীর মুক্তিযোদ্ধা আঃ বাকি, বীর মুক্তিযোদ্ধা হিসাব উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা মিজানুর রহমান, বীর মুক্তিযোদ্ধা বেল্লাল হোসেন, বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তাফা, বীর মুক্তিযোদ্ধা আঃ হান্নান এবং বীর মুক্তিযোদ্ধা নুরুলহুদা।

এবার মেহেরপুর পৌর মেয়র রিটনকে শোকজ

সরকারি গাড়ী ব্যবহার করে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করায় এবার মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনকে শোকজ করেছে নির্বাচন অনুসন্ধান কমিটি।

আজ শনিবার মেহেরপুর-১ আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান ও মেহেরপুরে যুগ্ম জেলা ও দায়রা জজ এইচ এম কবির হোসেন এ শোকজ করেন। মেহেরপুর-১ আসনের নৌকার প্রার্থী ফরহাদ হোসেনের পক্ষে জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাসের অভিযোগের প্রেক্ষিতে এ শোকজ করা হয়েছে।

শোকজ বলা হয়েছে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর ১ আসনে স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের পক্ষে সরকারী গাড়ী ব্যবহার করে ও নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করে নিয়মিত প্রচারনা চালাচ্ছেন। সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুবে একটি ভিডিও প্রচার হতে দেখা যায়। নির্বাচনকে প্রভাবিত করার উদ্দেশ্যে মেহেরপুর-১ আসনের বাংলাদেশ আওয়ামীলীগ মনোনীত প্রার্থী ফরহাদ হোসেন, তাঁর সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম, ভাই শহিদ সরফরাজ হোসেন মৃদুল ও ভগ্নিপতি মো: আব্দুস সামাদ বাবলু বিশ্বাস দের উদ্দেশ্য করে ব্যক্তিগত চরিত্র হেয় করে অশালীন বক্তব্য দিয়েছেন বলে অভিযোগ করা হয়েছে। এছাড়াও আওয়ামী লীগ মনোনীত প্রার্থী

ফরহাদ হোসেনকে দুর্নীতিবাজ, উন্নয়নকাজে বাধাদানকারী হিসেবে উল্লেখ করেছেন। এছাড়াও তাকে ও তার পরিবারকে এলাকা ছাড়া করার হুমকি প্রদান করেছেন।

সরকারী গাড়ি ব্যবহার করে নির্বাচনি জনসভায় অংশগ্রহন করেন এবং উস্কানীমূলক, মানহানিকর এবং ব্যাক্তিগত চরিত্র হনন মূলক বক্তব্য দিয়ে সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরন বিধিমালা, ২০০৮ এর বিধি ১১ (ক) ও ১৪ (২) লংঘন করেছেন মর্মে প্রাথমিকভাবে প্রতীয়মান হয়।

এ বিষয়ে পৌর মেয়রকে স্বশরীরে অথবা প্রতিনিধির মাধ্যমে আগামী ১ জানুয়ারি দুপুর ১২ টার সময় নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যানের কার্যালয়ে জবাব দিতে বলা হয়েছে।

মেহেরপুরে শোকজের উত্তর দিলেন ডা. অলোক ও ইউপি চেয়ারম্যান সেলিম

মেহেরপুরে নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যানের কার্যালয় উপস্থিত হয়ে নির্বাচনী আচরণবিধি ভঙ্গের দায়ে করা শোকজের উত্তর দিয়েছেন ডা. অলোক কুমার দাস এবং ইউপি চেয়ারম্যান সেলিম রেজা।

আজ শনিবার (৩০ ডিসেম্বর) সকাল ১০ টায় কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা এবং দুপুর ১২ টার সময় মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. অলোক কুমার দাস মেহেরপুর-১ আসনের নির্বাচন অনুসন্ধানী কমিটিতে হাজির হন। নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এবং মেহেরপুরের যুগ্ম জেলা ও দায়রা জজ-২ আদালতের বিচারক এইচ এম কবির হোসেনের কাছে তারা শোকজের উত্তর দিয়েছেন।

নির্বাচন অনুসন্ধান কমিটির দপ্তর সুত্রে জানা গেছে, ‘শোকজে উল্লেখিত ভোট চওয়ার ঘটনাটি ডা. অলোক কুমার দাস অস্বীকার

জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি মিয়াজানের উপর চড়াও ডা. অলোক

চাকরিবিধি লংঘন করে নির্বাচনী প্রচারণা করা এবং মেহেরপুর-১ সংসদীয় আসনের স্বতন্ত্র প্রার্থী আব্দুল মান্নান কে ভারতের দালাল বলার দ্বায়ে করা শোকজের উত্তর দিয়েছেন ডা. অলোক কুমার দাস। শোকজ এর উত্তর দিয়ে ফেরার সময় আদালতের বারান্দায় প্রফেসর আব্দুল মান্নান এর প্রতিনিধি এবং মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলীকে দেখে উত্তেজিত ডা. অলোক তাকে অকৃতজ্ঞ, স্বার্থপর ও সুবিধাবাদী বলে আখ্যায়িত করেন।

আজ শনিবার (৩০ ডিসেম্বর) দুপুর সোয়া ১২ টার দিকে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের দ্বিতীয় তলার বারান্দায় এ ঘটনা ঘটে।

মেহেরপুর-১ সংসদীয় আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এবং যুগ্ন জেলা ও দায়রা জজ আদালতের বিচারক এইচ এম কবির হোসেনের খাস কামড়ায় শোকজ এর উত্তর দিয়ে ফিরছিলেন মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. অলোক কুমার দাস। এ সময় অভিযোগের সাপেক্ষে তথ্য প্রমান দাখিল করার জন্য আদালতের বারান্দায় অপেক্ষা করছিলেন অ্যাডভোকেট মিয়াজান আলী। এ সময় প্রফেসর আব্দুল মান্নানের প্রতিনিধি অ্যাডভোকেট মিয়াজান আলীর উপর চড়াও হন ডা. অলক কুমার দাস। এডভোকেট মিয়াজান আলী তাকে শান্ত করার চেষ্টা করেন।

ডা. অলক কুমার দাস এ সময় চিৎকার করে মিয়াজান আলীকে বলেন, আপনি ভুলে গেছেন আপনার কত উপকার করেছি। আর আপনি আমার নামে নির্বাচন অনুসন্ধান কমিটিতে অভিযোগ দিয়েছেন। চাকরি সংক্রান্ত কিছু সমস্যার বিষয় নিয়ে আলোচনা করতে আমি জনপ্রশাসন প্রতিমন্ত্রীর বাড়িতে গেছিলাম।চাকুরীর কারণে তিনি আমার গার্জিয়ান।

এ সময় এডভোকেট মিয়াজান আলী বলেন, আপনার গার্জিয়ান স্বাস্থ্য অধিদপ্তরের ডিজি। আপনার সমস্যা আপনি আপনার ডিজিকে জানাবেন। উনি জনপ্রশাসন প্রতিমন্ত্রী কিন্তু বর্তমানে উনি একজন নির্বাচনী প্রার্থী। উনার গাড়িতে এখন পতাকা নাই।

মিয়াজান আলীর কথা শুনে ডা. অলোক তার কানে চুপিসারে কিছু কথা বলেন। এবং রাগান্বিত হয়ে অ্যাডভোকেট মিয়াজান আলীকে উচ্চস্বরে

“আপনি একটা অকৃতজ্ঞ, স্বার্থপর ও সুবিধাবাদী বলে স্থান ত্যাগ করেন।

উল্লেখ্য জেলা জজ আদালতের সকল বারান্দা সিসিটিভি ক্যামেরার আওতাভুক্ত।

মেহেরপুরের দুটি আসনে সংসদ নির্বাচন কে সামনে রেখে র্যাবের টহল

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন কে সামনে রেখে আইনশৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে অন্যান্য বাহিনীর পাশাপাশি র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন সদস্যরাও মাঠে নেমেছে।

দেশের অন্যান্য জেলার ন্যায় মেহেরপুর জেলাতেও গতকাল শুক্রবার থেকে র্যাব টহল কার্যক্রম শুরু করে।

র্যাব ১২ সিপিসি ৩ মেহেরপুর র্যাব ক্যাম্প কমান্ডার সহকারী সিনিয়র পুলিশ সুপার মনিরুজ্জামান জানিয়েছে, র্যাব সদও দপ্তরের নির্দেশনা অনুয়ায়ী মেহেরপুরের বিভিন্ন এলাকায় র্যাব সদস্যরা টহল শুরু করেছে।

তিনি আরো বলেন, দ্বাদশ জাতীয় সংষদ নির্বাচনে যে কোন অপ্রিতিকর ঘটনা দেশ বিরোধী কর্মকান্ড সহ যে কোন অপরাধ মুলক কর্মকান্ড থেকে দেশ ও জনগনকে রক্ষার্থে র্যাবের এই টহল কার্যাক্রম চলমান থাকবে। তারই ধারাবহিকতায় প্রতিনিয়ত জেলার বিভিন্ন এলাকায় র্যাব সদস্যরা তাদের টহল জোরদার করেছে।

আজ শোকজের উত্তর দেবেন ডা. অলোক ও সেলিম

নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যানের কার্যালয় উপস্থিত হয়ে আজ নির্বাচনী আচরণবিধি ভঙ্গের দায়ে করা শোকজের উত্তর দেবেন ডা. অলোক কুমার দাস এবং ইউপি চেয়ারম্যান সেলিম রেজা।

আজ শনিবার সকাল ১০ টায় কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা এবং দুপুর ১২ টার সময় মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. অলোক কুমার দাস মেহেরপুর-১ আসনের নির্বাচন অনুসন্ধানী কমিটিতে হাজির হবেন। নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এবং যুগ্ম জেলা ও দায়রা জজ-২ আদালতের বিচারক এইচ এম কবির হোসেনের কাছে শোকজের উত্তর দেবেন।

উল্লেখ্য গত ২৭ ডিসেম্বর বুধবার নির্বাচন অনুসন্ধান কমিটি নৌকা প্রতীকের পক্ষে কাজ না করাতে একজন নারী মেম্বারকে লাঞ্ছিত করার লিখিত অভিযোগের ভিত্তিতে কুতুবপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সেলিম রেজাকে শোকজ করেন।

অপরদিকে সরকারি চাকরিবিধি লংঘন, রাজনৈতিক দলের নির্বাচনী প্রচারে অংশ নেওয়া এবং স্বতন্ত্র প্রার্থী ও সাবেক সংসদ সদস্য আব্দুল মান্নানকে ভারতের দালাল বলার লিখিত অভিযোগের প্রাথমিক সত্যতা পেয়ে শোকজ করেন।

মেহেরপুর-১ আসনের স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের পথসভা

মেহেরপুরের কুতুবপুর ইউনিয়নে বীর মুক্তিযোদ্ধা ও সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানের পথসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা অনুষ্ঠিত হয়।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ইদ্রিস আলী মাষ্টার, মেহেরপুর জেলা তাঁতীলিগের সভাপতি সুবাদ আলী, মেহেরপুর জেলা পরিষদের সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি হাজী সাইফুল ইসলাম, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক রায়হান উদ্দিন মন্টু, মেহেরপুর পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি আরিফুল ইসলাম আরিফ, কুতুবপুর ইউনিয়ন ২নং ওয়ার্ড যুবলীগের সভাপতি সোহান রেজা, আরিফুল ইসলাম আরিফ সহ আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে স্ট্রাইকিং ফোর্স হিসেবে ৪ প্লাটুন বিজিবি মোতায়েন

আসন্ন জাতীয় নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষায় মেহেরপুরে স্ট্রাইকিং ফোর্স হিসেবে ৪ প্লাটুন বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) সদস্য মোতায়েন করা হয়েছে।

আজ শুক্রবার (২৯ ডিসেম্বর) মেহেপুরে ৪ প্লাটুন এবং সারা দেশে এক হাজার ১৫১ প্লাটুন মোতায়েন করা হয়েছে বলে নিশ্চিত করেছেন, বিজিবির জনসংযোগ কর্মকর্তা মো. শরিফুল ইসলাম।

তিনি জানান, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে এবং শান্তিশৃঙ্খলা রক্ষায় রাজধানীসহ সারা দেশে বিজিবি মোতায়েন করা হয়েছে। ২৯ ডিসেম্বর থেকে আগামী ২০২৪ সালের ১০ জানুয়ারি পর্যন্ত সারা দেশের নির্বাচনী এলাকায় শান্তিশৃঙ্খলা রক্ষার্থে বিজিবি মোবাইল ও স্ট্রাইকিং ফোর্স হিসেবে কাজ করবে।

মুজিবনগরে নৌকা ও ট্রাক প্রতীকের সমর্থকদের মধ্যে উত্তেজনা, জরিমানা

নৌকা ও ট্রাক প্রতীক সমর্থনকারী দুই চাচাতো ভাইয়ের বাগবিতণ্ডা। বাগবিতণ্ডায় সৃষ্ট উত্তেজনা ছড়িয়ে পড়ে দুই প্রতীকের নির্বাচনী শিবিরে। পরিস্থিতি নিয়ন্ত্রনে ঘটনাস্থলে উপস্থিত হয় পুলিশ আনসার ও বিজিবি সদস্যরা। অতঃপর ভ্রাম্যমান আদালত একজনকে জরিমানা করে। ঘটনাটি ঘটেছে মেহেরপুরের মুজিবনগর উপজেলায়।

আজ শুক্রবার রাতে রিমন ও বাবু ২ চাচাতো ভাই ট্রাক ও নৌকা প্রতীকের সমর্থনে কাজ করা নিয়ে পরস্পরের মধ্যে বাকবিতণ্ডায় জড়ান। এক পর্যায়ে এই বাগবিতন্ডায় সাবেক মেম্বার দিলিপ মল্লিক ও আনন্দ খুড়ি, শিবা মল্লিক এবং তোয়াজ যুক্ত হয়।

এক পর্যায়ে ভবেরপাড়া গ্রামে ২নং ওয়ার্ড যুবলীগের সভাপতি জেমস বাবু মন্ডল অভিযোগ করেন নৌকা প্রতীকের কাজ করার কারনে তাকে মারধর করা হয়েছে এবং তার কাছ থেকে ৫০ হাজার টাকা ছিনিয়ে নেয়া হয়েছে। অভিযোগ পেয়ে ঘটনাস্থলে উপস্থিত হয় পুলিশ, আনসার ও বিজিবি সদস্যরা।

জেমস বাবু মন্ডল অভিযোগ করে ভ্রাম্যমান আদালতকে বলেন, তিনি